মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের শোভাযাত্রা

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন প্রস্তুতি কমিটি অনুমোদন দেওয়ায় আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত হয়।

বুধবার বিকেলে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি থেকে শোভাযাত্রা বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর প্রেসক্লাবে গিয়ে শেষ হয়।

আনন্দ শোভাযাত্রাতে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আরিফুল ইসলাম সোবহান ও সদস্য সচিব বারিকুল ইসলাম লিজন, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক আহবায়ক আরিফুল এনাম বকুল।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কামাল হোসেন জুয়েল, শোয়েবুর রহমান, মোস্তাফিজুর রহমান চন্দন, আমিনুল ইসলাম খোকন, মতিউর রহমান, জুয়েল রানা, শেখ মো: শরিফ রেজা পান্না, রাশেদুল ইসলাম আনন্দ, তৌহিদুল ইসলাম তৌহিদ, হানিফ খান,জীবন আকবর, রেজাউল করিম, শাহরিয়ার হাসান, রবিউল ইসলাম, মোস্তাফিজুর রহমান তুহিন, শেখ সাদিক, রুবেল হোসেন, আশরাফুল ইসলাম।

পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

মেহেরপুরে বিএনপির সমাবেশ

মেহেরপুরে ২৫শে জানুয়ারী ১৯৭৫ এর গণতন্ত্র হত্যা দিবস স্মরণে ও গণতন্ত্র পুনরুদ্ধারে ১০ দফা দাবী আদায়ের লক্ষ্যে জেলা বিএনপি’র সমাবেশ।

বুধবার বিকালে মেহেরপুর কাথুলী বাসস্ট্যাণ্ডে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিত্বে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় বক্তব্য দেন অতিথি ছিলেন জেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, সহ-সভাপতি আব্দুর রহমান, মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র সভাপতি অ্যাড. মারুফ আহমেদ বিজন, মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক মোঃ সাইফুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ন-সম্পাদক আরজুল্লা মাস্টার বাবলু।
সমাবেশে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

মেহেরপুরের সুবিদপুরে রাস্তার মাটি কেটে পুকুর তৈরির অভিযোগ

মেহেরপুরের সদর উপজেলার সুবিদপুর গ্রামে পুকুর খনন করে (সুবিদপুর-খাঁ পাড়ার) রাস্তা বন্ধের অভিযোগ করেছে গ্রামবাসীরা।

সুুবিদপুর খাঁ পাড়ার অর্ধশত ব্যক্তি মেহেরপুর সদর এসি ল্যাণ্ডের কাছে মো: শাহিন মল্লিক নামের এক মৎস ব্যবসায়ীর বিরুদ্ধে এ অভিযোগ করেন। দীর্ঘদিন ধরে তিনি এ কাজ করলেও তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নিতে দেখা যায়নি।

স্থানীয়দের অভিযোগ,এ রাস্তাটা মোট ৫৫ ফিট তার ভিতরে পুকুরে দখলে চলো গেছে ৭ ফিট। গ্রামটি যদি কোন মানুষ মারা যায় তাহলে খাটুলি নিয়ে যাওয়ার অবস্থা নাই। এর আগে আমরা গ্রামের লোকজন মিলে টাকা তুলে আমিন নিয়ে এনেছি ও রাস্তা মেপে পিলার মেরেছি। এবং আমরা বলেছি আপনাদের পুকুরের সিমানার মধ্যে আপনারা পুকুর খনন করেন কিন্তু তারা কারেনি।

স্থানীয়দের আরো অভিযোগ, এ আগে আমরা জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন কে ৩ দিন নিয়ে এসেছি। তিনি দেখে বলেছেন ঘাট খননের জন্য রাস্তাটা ভাঙ্গছেনা আপনারা আপনাদের আপন আপন ঘাট বাধেন। তারপরে আমরা রাস্তার ব্যবস্থা করবে এমনকি উপজেলা ইঞ্জিনিয়ার বলেছেন চান্দি নিবো আপনারা রাস্তাটা বেধে দেন। এ রাস্তা দিয়ে সুবিদপুর উত্তর পাড়া থেকে ২০০ জন ছাত্র-ছাত্রী পড়তে আসে আর বর্ষা হলে তারা তাদের প্যান্ট জড়িয়ে আর ছেন্ডেল হাতে নিয়ে স্কুলে যায়।

এদিকে শিক্ষার্থীরা অভিযোগ করে বলেন, আমরা যখন স্কুলে যায় তখন যদি এ রাস্তা দিয়ে কোন গাড়ি আশে তাহলে আমরা সাইড দিতে গেলে আমাদের পুকুরের দিকে ঠলে পড়তে হয় এমকি যখন শীত কালে পুকুর খনন করে তখন রাস্তাতে অনেক ধুলা বাতাস উঠলে আমাদের চোখে মুখে ভর্তি হয়ে যায়।

আমদহ ইউপি নির্বাচনে সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থী এ্যাড রাসেলের গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন নির্বাচনে সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থী এ্যাড আব্দুল্লাহ আল মামুন রাসেল সাধারণ ভোটারসাথে গণসংযোগ শুরু করেছেন।

মঙ্গলবার রাতে ইউনিয়নের ১ও ২ নম্বর ওয়ার্ডের রাস্তা এবং প্রতিটি দোকানে দোকানে গিয়ে গণসংযোগ করেন। এ সময় বিভিন্ন নেতাকর্মী ও ইউনিয়নের বিভিন্ন স্তরের মানুষজন উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের উদ্যোগে কম্বল বিতরণ

মেহেরপুর জেলার বিভিন্ন ইউনিয়নের অতি দরিদ্র ও অসহায় শীতার্থ মানুষের মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণ কার্যক্রম অব্যাহত রেখেছে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গতকার সোমবার থেকে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর অর্থায়নে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কতৃক মুজিবনগর উপজেলার মোনাখালী ও দারিয়াপুর ইউনিয়নের অসহায় ও অতি দরিদ্র মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করেছেন।

উক্ত শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস, পলাশীপাড়া সমাজ কল্যান সমিতির পরিচালক( কর্মসূচি) মোহাঃ কামরুজ্জামান, সংস্থার উপ পরিচালক (ঋণ কার্যক্রম), মোঃ কামরুল আলম, স্ব-স্ব ইউনিয়নের চেয়ারম্যান ও স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ।

মেহেরপুর জেলার বিভিন্ন ইউনিয়নের ৭০০ জন অতি দরিদ্র অসহায় মানুষের মাঝে শীতবস্ত্র ( কম্বল) বিতরণ অব্যাহত রেখেছেন বলে জানিয়েছেন পলাশীপাড়া সমাজ কল্যান সমিতি(পিএসকেএস) এর নির্বাহী পরিচালক মুহঃ মোশাররফ হোসেন।

এসময় তিনি বলেন, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) মানুষের জীবন মান উন্নয়নে কাজ করে চলেছে। অসহায় মানুষের পাশে দাঁড়িয়ে তাদের বিভিন্ন সাহায্য সহযোগীতা করে আসছে। বিভিন্ন দুর্যোগে মানুষকে সহায়তার মানবিক কাজ অব্যাহত রেখেছেন। তারই ধারাবাহিকতায় অসহায় মানুষের শীত নিবারণে কম্বল বিতরণ কাজ অব্যাহত রয়েছে। এমন মানবিক কাজ সঠিক ও সুন্দর ভাবে বাস্তবায়ন করে চলেছে পলাশীপাড়া সমাজ কল্যান সমিতি।

গাংনী প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে এমপি খোকনের মতবিনিময়

গাংনী প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

মঙ্গলবার সন্ধায় গাংনী প্রেসক্লাবে এসে তিনি সাংবাদিকদের সাথে

মতবিনিময় করেন। মেহেরপুরের গাংনীস্থ নির্বাচনী এলাকায় আওায়ামীলীগ সরকারের উন্নয়ন কর্মকান্ড তুলে ধরেন তিনি। এছাড়াও গাংনীর চলমান উন্নয়ন কাজের অগ্রগতি নিয়েও আলোচনা করা হয়। আগামীতে গাংনী উপজেলার আরও উন্নয়ন করার লক্ষে বিভিন্ন দিক নির্দেশনা নিয়েও কথোপকথন হয়।

গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজার সভাপতিত্বে বক্তব্য রাখেন, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম,সহ-সভাপতি মজনুর রহমান আকাশ,আরটিভি ও খোলা কাগজ প্রতিনিধি মাজেদুল হক মানিক।

এসময় যুগ্ম সাধারণ সম্পাদক জুরাইসইসলাম,দৈনিক ইন্টারন্যাশনাল পত্রিকার প্রতিনিধি জিনারুল ইসলাম,বাংলা টিভি ও মানবকন্ঠ প্রতিনিধি আক্তারুজ্জামান, লাখোকন্ঠ প্রতিনিধি রফিকুল আলম বকুল,খোলা কাগজ প্রতিনিধি ও মেহেরপুর চোখের বার্তা সম্পাদক মীর শামিম, আজকের মেহেরপুর এর প্রতিনিধি শাহিন আহাম্মেদ, দৈনিক স্বাধীন মত পত্রিকার প্রতিনিধি আব্দুল আলীমসহ প্রেসক্লাবের সকল সদস্যবৃন্দ।

সাংবাদিকদের সাথে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, সংসদ সদস্যের ব্যাক্তিগত সহকারী সবুজ আহাম্মেদ, পৌর ওয়ার্ড কাউন্সিলর মোতালেব হোসেন, আওায়ামীলীগ নেতা মনিরুজ্জামান মাস্টার, আবুল বাসার প্রমুখ।

গাংনীতে ভোক্তা অধিকার অভিযানে দুটি প্রতিষ্ঠানকে জরিমানা

মেহেরপুরের গাংনীতে দুটি প্রতিষ্ঠানকে ৩৫ হাজার টাকা জরিমানা করেছে চুয়াডাঙ্গার জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার দুপুরে গাংনী মেসার্স সবুজ মেডিসিন কর্নার ও মেসার্স

বজলু স্টোরে এ জরিমানা করা হয়।

ভোক্তা অধিদপ্তরের উপ-পরিচালক সজল আহমেদ জানান, মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিপনন ও সংরক্ষণের দায়ে মেসার্স সবুজ মেডিসিন কর্নার ৩০ হাজার টাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য রাখার অপরাধে মেসার্স বজলু স্টোরকে পাঁচ হাজার টাকা জরিমানা করা হয়। ২০০৯সালের জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৫১ ধারায় এসকল প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়েছে বলে জানান এই কর্মকর্তা।

এসময় উপস্থিত ছিলেন, জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) তারিকুল ইসলাম, গাংনী উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মশিউর রহমান। সহযোগিতায় ছিলেন র্যাব-১২ একটি টিম।

সালাম ক্লিনিকের অপারেশন টেবিলে প্রসূতির মৃত্যু

মেহেরপুর সরকারি কলেজের সামনে দারুস সালাম ক্লিনিকে অপারেশন টেবিলে সুমাইয়া নামের এক প্রসূতি মৃত্যুর ঘটনা ঘটেছে। গত রবিবার রাত সাড়ে ১০টার দিকে এ ঘটনা ঘটে।

নিহত সুমাইয়া ঢোলমারী গ্রামের মিলন হোসেনের স্ত্রী। তার ৫ বছরের আরও একটি কন্যা সন্তান রয়েছে। দুটি শিশুকে অনাথ অবস্থায় রেখে গেলো সুমাইয়া।

নিহত সুমাইয়ার স্বজনরা জানান, রবিবার সন্ধ্যায় মুজিবনগর উপজেলার ঢোলমারি গ্রামের মিলন হোসেন স্ত্রী সুমাইয়া খাতুনকে দারুস সালাম ক্লিনিকে ভর্তি করা হয়। রাত ১০টার দিকে ক্লিনিকের মালিক ডা. আব্দুস সালাম নিজেই অপারেশন শুরু করেন। তাকে এনেসথেসিয়া হিসেবে সহযোগীতা করেন ডা. শাহেদ আলী। অপারেশন টেবিলেই সুমাইয়ার মৃত্যু হয়েছে এবং তার সদ্য প্রসূত কণ্যা সন্তান জীবিত আছে এবং সুস্থ আছে বলে জানান ডা. সালাম।

এ ব্যাপারে ডা. আব্দুস সালাম জানান, রাত ১০টার দিকে রোগীকে নিয়ে

অপারেশন টেবিলে নেওয়ার সময় সে ভয় পায়। তাকে মানসিক ভাবে ভয় ভাঙানোর পর অপারেশন শুরু করা হয়। একসময় তার পেশার, হৃদ স্পন্দন সব নিল হয়ে যায় এবং সাড়ে ১০টা নাগাদ আর তাকে বাঁচানো সম্ভব হয়নি বলে স্বীকার করেন।

তবে এনেসথেসিস্ট ডা. শাহেদ আলীর সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলে তিনি ফোন রিসিভ না করায় কথা বলা সম্ভব হয়নি।

এদিকে, এ ঘটনায় পরিবারের পক্ষ থেকে স্বাস্থ্যবিভাগে অভিযোগের প্রস্তুতি নিচ্ছে বলে জানা যায়।

এ ব্যাপারে সিভিল সার্জন ডা, জওয়াহেরুল আনাম সিদ্দিকী বলেন, অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে। তাছাড়া তদন্ত করা হবে কিভাবে প্রসূতির মৃত্যু হলো।

মেহেরপুরে হেরোইন সেবনের দায়ে যুবকের কারাদণ্ড

হেরোইন সেবনের দায়ে মো: খোকা শেখ নামের এক যুবকের ১৫ দিনের কারাদণ্ড ও ২শ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গোলাম রাব্বানী এ আদালত পরিচালনা করেন। দণ্ডিত খোকা শেখ শহরের স্টেডিয়াম পাড়া আব্দুল মালেকের ছেলে।

ভ্রাম্যমাণ আদালত সূত্র জানায়, খোকা শেখ মাদক (হেরোইন) সেবন করার কথা স্বীকার করায় ভ্রাম্যমাণ আদালতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ এর ৫ ধারায় তাকে ১৫ দিনের কারাদন্ড ও ২শ টাকা অর্থদণ্ড দেওয়া হয়।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাশেমের নেতৃত্বে এসআই মামুন সহ সঙ্গীয় ফোর্স নিয়ে শহরের কোটপাড়া এলাকা থেকে মাদক সেবনের করার সময় তাকে আটক করে।

গাংনীতে ককটেল দিয়ে অন্যকে ফাঁসাতে গিয়ে গ্যাড়াকলে দুই জন

মেহেরপুরের গাংনীর কসবা গ্রামে ককটেল দিয়ে অন্যকে ফাঁসাতে গিয়ে পুলিশের হাতে গ্রেপ্তার হয়েছে জিয়ারুল (৩৮) ও জহির উদ্দীন (৫৮) নামের দুই জন।

সোমবার রাত সাড়ে ১২টার দিকে দুটি ককটেল ও ককটেল তৈরীর সরঞ্জামাদিসহ তাদেরকে গ্রেপ্তার করে গাংনী থানা পুলিশ। আজ মঙ্গলবার সকালে দুজনকে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, গভীর রাতে গাংনীর কসবা গ্রামের গোলাম রসুল নামের এক ব্যক্তির বাড়ির পেছনে খড়ের গাদায় ককটেল আছে এমন সংবাদ দেয় মুসাদ আলীর ছেলে জিয়ারুল ও জারমান আলীর ছেলে জহির উদ্দীন।

সংবাদ পেয়ে এসআই রাজ্জাক ও সঙ্গীয় ফোর্স ঘটনাস্থলে গেলে সংবাদদাতা জিয়ারুল ও জহির দুজনেই ওই ককটেল বের করে দেয়। এতে সন্দেহ হলে পুলিশ তাদের জিজ্ঞাসাবাদ করে। এক পর্যায়ে পুর্ব শত্রুতার জের ধরে তারা ককটেল রেখে গোলাম রসুলকে ফাঁসানোর চেষ্টা করেছে বলে স্বীকার করে। পরে পুলিশ ওই দুজনকে গ্রেপ্তার করে।

তাদের বিরুদ্ধে বিষ্ফোরক আইনে মামলাসহ মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে ।